# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্লট : এফ-১৮/এ , শের-ই-বাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

## জিটিসিএল এর ৭৩তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল |
| তারিখ | : | ০১-১২-২০২২ |
| সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| স্থান | : | জিটিসিএল কনফারেন্স রুম |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৭২তম সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। এছাড়া, উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিতকরণসহ নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১। | **গ্যাস সঞ্চালন গ্রীডের বিভিন্ন পয়েন্টে Calibration প্রসঙ্গে:**<br>সভাপতি এইচ আর ডিভিশনের তত্ত্বাবধানে Calibration সংক্রান্ত প্রশিক্ষণ চলমান রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট, অপারেশন ও কম্প্রেসর ডিভিশন কর্তৃক সম্মিলিতভাবে এ সংক্রান্ত প্রশিক্ষণার্থীর তালিকা এইচ আর ডিভিশনে প্রেরণের প্রস্তাব পেশ করলে উপস্থিত সকলে একমত পোষণ করে।<br>বিস্তারিত আলোচনান্তে সভাপতি Calibration সংক্রান্ত নিয়মিত জুম প্লাটফর্মে প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণার্থীর তালিকার পাশাপাশি প্রশিক্ষক নির্ধারণের জন্য বর্ণিত ডিভিশন প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | (ক) এইচ আর ডিভিশনের তত্ত্বাবধানে Calibration সংক্রান্ত প্রশিক্ষণ চলমান রাখতে হবে।<br>(খ) Calibration সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট, অপারেশন ও কম্প্রেসর ডিভিশন কর্তৃক সম্মিলিতভাবে এ সংক্রান্ত প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকের তালিকা এইচ আর ডিভিশনে প্রেরণ করবে। | -পরিচালক (অপারেশন)<br>-মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট)<br>-মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)<br>-মহাব্যবস্থাপক (কম্প্রেসর)<br>-মহাব্যবস্থাপক (এইচ আর) |
| ১.২। | **স্কাডা সিস্টেমে Down থাকা দুটি সার্ভার দ্রুত মেরামত প্রসঙ্গে।**<br>স্কাডা সিস্টেমে দীর্ঘ দিন Down থাকা দুটি সার্ভারের অদ্যাবধি মেরামত প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ প্রসঙ্গে পরিচালক (অপারেশন) বলেন, কম খরচে মেরামত করার বিষয়টিতে অধিক গুরুত্ব দেওয়া হচ্ছে এবং এ বিষয়ে Yokogawa নামক প্রতিষ্ঠানের সাথে আলাপ আলোচনা সম্পন্নকরত Propritory Item Declare করার জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে নথি প্রেরণ করা হয়েছে। কমিটি কর্তৃক Propritory Item Declare করা হলে দ্রুত মেরামতের কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি মেরামতের কার্যক্রম কতদিনের মধ্যে সম্পন্ন করা হবে তা নির্দিষ্ট করে জানতে চাইলে পরিচালক (অপারেশন) আগামী ২ মাসের মধ্যে সম্পন্ন করবেন বলে সভাকে অবহিত করেন।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি স্কাডা সিস্টেমে দীর্ঘ দিন Down থাকা দুটি সার্ভার সর্বোচ্চ ২ মাসের মধ্যে মেরামত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (অপারেশন)-কে নির্দেশনা প্রদান করেন। | স্কাডা সিস্টেমে Down থাকা দুটি সার্ভার আগামী ২ মাসের মধ্যে মেরামত করতে হবে। | -পরিচালক (অপারেশন)<br>-উপ-মহাব্যবস্থাপক (স্কাডা এন্ড টেলিকম) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৩। | **পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে:**<br>সভাপতি কোম্পানির প্রকিউরমেন্ট কার্যক্রমে জড়িত কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (এইচ আর) বলেন, সম্প্রতি পেট্রোবাংলা কর্তৃক আয়োজিত PPR ও Project Management শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কোম্পানির সকল প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক অংশগ্রহণ করেছেন। এছাড়া অধিকাংশ কর্মকর্তাই বিভিন্ন সময় সিপিটিইউ এর মাধ্যমে পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং কোম্পানিতে বর্তমানে প্রশিক্ষণ খাতে বাজেট স্বল্পতা রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি Procurement of Goods, Works, Services এর সাথে Framework Agreement অন্তর্ভুক্ত করে কমপক্ষে প্রতি ২ মাসে ১ বার পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য মহাব্যবস্থপক (এইচ আর)-কে নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া, তিনি Framework Agreement বিষয়ে কোম্পানির PPR Expert ব্যবস্থাপক, জনাব ইকবাল বাহার ফারুকী এবং উপ-ব্যবস্থাপক, জনাব মোঃ শরিফুল ইসলামকে রিসোর্স পার্সন মনোনীত করে প্রশিক্ষণ আয়োজনের জন্যও মহাব্যবস্থপক (এইচ আর)-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) Works, Goods, Services এর সাথে Framework Agreement অন্তর্ভুক্ত করে কমপক্ষে প্রতি ২ মাসে ১ বার পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>(খ) Framework Agreement বিষয়ে কোম্পানির PPR Expert ব্যবস্থাপক, জনাব ইকবাল বাহার ফারুকী এবং উপ-ব্যবস্থাপক, জনাব মোঃ শরিফুল ইসলামকে রিসোর্স পার্সন মনোনীত করে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -মহাব্যবস্থাপক (এইচ আর) |
| ১.৪। | **মাতারবাড়িতে নির্মিতব্য Land Based LNG Terminal প্রসঙ্গে:**<br>সভাপতি মাতারবাড়িতে নির্মিতব্য Land Based LNG Terminal হতে নিকটবর্তী জাতীয় গ্যাস গ্রীডের অফটেক পর্যন্ত নির্মিতব্য গ্যাস সঞ্চালন পাইপলাইনের Route নির্ধারণসহ অন্যান্য কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বঙ্গবন্ধু ব্রীজ (রেলওয়ে) সেকশন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বর্ণিত LNG Terminal নির্মাণের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান এবং Consultant-এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে এবং তাদের প্রয়োজনে যেকোন ধরনের তথ্যাদি সরবরাহ করা হবে।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | -মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক বঙ্গবন্ধু ব্রীজ (রেলওয়ে) সেকশন পাইপলাইন নির্মাণ প্রকল্প |
| ১.৫। | **জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির নামজারি প্রসঙ্গে।**<br>সভাপতি এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (এইচআর) সভাকে অবহিত করেন যে, এতদসংক্রান্ত সার্বিক কার্যক্রম চলমান রয়েছে। জুলাই, ২১ হতে নভেম্বর, ২২ পর্যন্ত ই-নামজারির জন্য মোট আবেদনকৃত ভূমির পরিমাণ ১১৪.১৮২৫ একর এবং মোট নামজারিকৃত ভূমির পরিমাণ ৩৪.৫০৮৬ একর। তন্মধ্যে, গত অক্টোবর হতে নভেম্বর, ২০২২ পর্যন্ত ৬.৭৩৪২ একর ভূমির নামজারি সম্পন্ন হয়েছে।<br>তিনি আরও বলেন, পূর্বের ন্যায় প্রকাশিত গেজেটের ভিত্তিতে সফটওয়ারে ই-নামজারির আবেদন করা যাচ্ছে না। এক্ষেত্রে জমির দলিলসহ অন্যান্য ডকুমেন্ট প্রয়োজন হচ্ছে। ফলে, অধিগ্রহণকৃত ভূমির নামজারির আবেদনে জটিলতার সৃষ্টি হচ্ছে। এছাড়া, বাজেট স্বল্পতার কারণে কর্মকর্তাগণকে বিভিন্ন জেলা/উপজেলায় অবস্থিত ভূমি অফিসে প্রেরণে সমস্যা হচ্ছে বলে তিনি জানান।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির ই-নামজারি কার্যক্রমে সফটওয়ার সংক্রান্ত জটিলতার বিষয়টি উল্লেখ করে ভূমি সংস্কার বোর্ড বরাবর পত্র প্রেরণের জন্য মহাব্যবস্থাপক এইচ আর-কে নির্দেশনা প্রদান করেন। | জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির ই-নামজারি কার্যক্রমে সফটওয়ার সংক্রান্ত জটিলতার বিষয়টি উল্লেখ করে ভূমি সংস্কার বোর্ড বরাবর অতি দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | -মহাব্যবস্থাপক (এইচ আর) ও<br>-সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সেল প্রধান<br>-উপ-মহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৬। | **অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ প্রসঙ্গে:**<br>পাইপলাইন পথসত্ত এর উপর নির্মিত অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের অগ্রগতি সম্পর্কে সভাপতি জানতে চান।<br>এ বিষয়ে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) বলেন, উচ্ছেদ কার্যক্রম চলমান রয়েছে। সম্প্রতি ২টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। সরকার কর্তৃক ঘোষিত ব্যয় হ্রাস কর্মসূচির সাথে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট এলাকার নিকটবর্তী জিটিসিএল-এর স্থাপনা প্রধানসহ অন্যান্য কর্মকর্তার সাথে প্রধান কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তা সহযোগে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি এ সংক্রান্ত ৭টি কমিটিকেই অধিক তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন এবং নতুন কোন অবৈধ স্থাপনা যেন সৃষ্টি করতে না পারে তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।<br>তিনি মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)-কে তাদের নিয়ন্ত্রণাধীন স্থাপনাতে যেকোন দাপ্তরিক কাজ বা পরিদর্শনে গমন করলে স্থাপনার জনবল সহযোগে প্রয়োজনে তাৎক্ষণিক উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি স্থাপনাভিত্তিক নিরাপত্তা জনবলকে উচ্ছেদ কার্যক্রমে সম্পৃক্ত করার জন্যও নির্দেশনা প্রদান করেন। | (ক) উচ্ছেদ কার্যক্রম বেগবান করতে হবে এবং নতুন কোন অবৈধ স্থাপনার সৃষ্টি যেন না হয় তা নিশ্চিত করতে হবে।<br>(খ) মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) তাদের নিয়ন্ত্রণাধীন স্থাপনাসমূহে যেকোন দাপ্তরিক কাজ বা পরিদর্শনে গমন করলে স্থাপনার জনবল সহযোগে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করবে।<br>(গ) স্থাপনাভিত্তিক নিরাপত্তা কাজে নিয়োজিত জনবলকে উচ্ছেদ কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে। | -সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ<br>-উচ্ছেদ কমিটিসমুহের আহবায়ক/সদস্য/সদস্য-সচিব<br>-(ট্রান্সমিশন-ইস্ট) ও মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)<br>-সংশ্লিষ্ট স্থাপনা প্রধানগণ |
| ১.৭। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তির 5 Tools সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে:**<br>সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স ও ইনোভেশন এবং সিটিজেন চার্টার এর সমন্বয়ে গঠিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন সম্পর্কিত কার্যক্রমের বিষয়ে হালনাগাদ তথ্যাদি জানতে চান।<br>এ প্রসঙ্গে ফোকাল পয়েন্ট এপিএ সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থ-বছরে এপিএ-এর লক্ষ্যমাত্রার ১০০%অর্জনের লক্ষ্যে রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>সভাপতি কোম্পানির হালনাগাদকৃত তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হয় কি-না এ বিষয়ে তথ্য অধিকার আইন বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট-এর নিকট জানতে চাইলে তিনি বলেন, স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে হালনাগাদ করা হচ্ছে।<br>সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স ও ইনোভেশন এবং সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব কর্ম পরিকল্পনা ও অগ্রগতি সভাকে অবহিত করেন।<br>বিস্তারিত আলোচনান্তে সভাপতি ২০২২-২০২৩ সালের এপিএ-তে ১০০% অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সে অনুযায়ী মাসিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনাসহ 5 Tools সম্পর্কিত কার্যক্রমে অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, ২০২২-২০২৩ অর্থ-বছরে এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনে কোন ঘাটতি থাকলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তা চিহ্নিত করে সমস্যার সমাধান করবে এবং উক্ত লক্ষ্যমাত্রা ১০০%অর্জন করতে পারলে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে কোম্পানির তরফ থেকে পুরস্কৃত করা হবে।<br>এছাড়া তিনি মাসের ১ম ভাগে আন্তঃবিভাগীয়পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প হতে তথ্যাদি সংগ্রহ করে যাচাই-বাছাইপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করার জন্য তথ্য অধিকার আইন বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) ২০২২-২০২৩ সালের এপিএ তে ১০০% অর্জনের লক্ষমাত্রা নির্ধারণ করে প্রণীত রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। এপিএ-এর লক্ষ্যমাত্রা ১০০%অর্জিত হলে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে কোম্পানির তরফ থেকে পুরস্কৃত করা হবে।<br>(খ) 5 Tools সম্পর্কিত কার্যক্রম বাস্তায়নে সশ্লিষ্ট সকলকে অধিকতর গুরুত্ব প্রদান করতে হবে।<br>(গ) মাসের ১ম ভাগে আন্তঃবিভাগীয় পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট হতে তথ্যাদি সংগ্রহ করে যাচাই-বাছাইপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবশ্যিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | -ফোকাল পয়েন্ট, এপিএ টিম<br>-টিম লিডার, এপিএ টিম<br>-5 Tools সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>-ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি<br>-উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৮। | **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোম্পানির যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রণয়ন প্রসঙ্গে:**<br>মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর সংযোজনী-৮ এর ১.৪ অনুযায়ী যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/হালনাগাদকরণের নির্দেশনা বাস্তবায়নের জন্য এতদসংশ্লিষ্ট কমিটি'র গত ২৬-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির সকল বিভাগ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট বিধি-বিধান পর্যালোচনাপূর্বক গত ২৩-১১-২০২২ তারিখে একটি হালনাগাদ ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত করে ২৪-১১-২০২২ তারিখে কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে সভাপতি তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স বিষয়ে তথ্য অধিকার আইনের চুম্বক অংশ সমন্বয়ে অতি দ্রুত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করে সকল ডিভিশনের মতামত গ্রহণপূর্বক দ্রুত চূড়ান্তকরণ ও সংরক্ষণের নির্দেশনা প্রদান করেন। | তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স বিষয়ে তথ্য অধিকার আইনের চুম্বক অংশ সমন্বয়ে অতি দ্রুত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করে সকল ডিভিশনের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করে তা সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনীয় কার্যব্যবস্থার জন্য সকল ডিভিশনে প্রেরণ করতে হবে। | -মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>- RTI দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ১.৯। | **কোম্পানির চলমান মামলাসমূহের অগ্রগতি সংক্রান্ত:**<br>পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত সফটওয়্যার (Case Management Software) বিষয়ে বিস্তারিত ও হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের জন্য সভাপতি কোম্পানি সচিবের দৃষ্টি আকর্ষণ করলে, তিনি বলেন যে, ইতোমধ্যে জিটিসিএল-এর সকল মামলা'র তথ্যাদি উক্ত সফটওয়্যারে ইনপুট দেওয়া হয়েছে এবং ফোকাল পয়েন্ট, ব্যবস্থাপক (ল এন্ড কন্ট্রাক্ট)- যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করছেন।<br>বিস্তারিত আলোচনান্তে সভাপতি সফটওয়্যারে সন্নিবেশিত কোম্পানির মামলা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ এবং অবশিষ্ট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | সফটওয়্যারে সন্নিবেশিত কোম্পানির মামলা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে এবং অবশিষ্ট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | -পরিচালক (অপারেশন)<br>-কোম্পানি সচিব<br>-ব্যবস্থাপক (ল এন্ড কন্ট্রাক্ট) |
| ১.১০। | **ই-আরপি সিস্টেমে বিদ্যমান সমস্যা নিরসন প্রসঙ্গে:**<br>মহাব্যবস্থাপক (হিসাব) বলেন, ইআরপি কার্যক্রমে বিদ্যমান পে-রোল সম্পর্কিত কিছু সমস্যা এখনও রয়েছে। তিনি আরও বলেন বর্তমানে সীমিত জনবল সত্ত্বেও ইআরপির পাশাপাশি ধীরাজ সিস্টেমেও একাউন্টস সংক্রান্ত ডাটা এন্ট্রি দেওয়া হচ্ছে যা একটা কষ্টসাধ্য বিষয়। ইআরপির সার্ভার ভিয়েতনামে থাকায় কোন প্রকার দুর্যোগ হলে ডাটা রিকভার করার বিষয়ে তিনি আশঙ্কা প্রকাশ করেন।<br>সভাপতি ইআরপি সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, ৩ টি মডিউলের প্রশিক্ষণ বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে যা বাজেট না থাকায় স্থগিত রয়েছে। সভাপতি সংশোধিত বাজেটের আওতায় ৫টি মডিউল-এর প্রশিক্ষণ প্রস্তাব উত্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া, সভাপতি ইআরপি সিস্টেমে BI Module কে সক্রিয় করার অগ্রগতি সম্পর্কে তথ্যাদি উপস্থাপন করার জন্য আহবান জানালে উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, BI Module সচল করার জন্য FPT-কে একাধিকবার পত্র প্রেরণ করা হলে সম্প্রতি তারা KPI অনুযায়ী BI এর কিছু ফরমেট প্রনয়ণ করলেও BI Module সচল করতে সক্ষম হয়নি। সভাপতি বিষয়টিকে গুরুত্বের সাথে নিয়ে মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য আগামী সমন্বয় সভার পূর্বেই পাঁচটি Module অন্তর্ভুক্তকরত BI Module চালু করার জন্য নির্দেশ প্রদান করে। | (ক) ইআরপি সিস্টেম সফলভাবে পরিচালনার জন্য সংশোধিত বাজেটের আওতায় ৫টি মডিউল-এর বিষয়ে প্রশিক্ষণ প্রস্তাব উপস্থাপন করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য আগামী সমন্বয় সভার পূর্বেই পাঁচটি Module অন্তর্ভুক্তকরত BI Module চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (অপারেশন)<br>-উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)<br>-ব্যবস্থাপক (ইআরপি) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মহাব্যবস্থাপক (হিসাব) বলেন, অধিকাংশ ক্ষেত্রে ইআরপি সিস্টেমে বিল দাখিলের পূর্বে হার্ড কপিতে অনুমোদন না নেওয়ায় পরবর্তীতে বিলের রেকর্ড সংরক্ষণের ক্ষেত্রে সমস্যার উদ্ভব হয়। সভাপতি প্রতিটি বিলের নথি হার্ড কপিতে অনুমোদন পরবর্তীতে অনুমোদিত নোটাংশ যথাযথভাবে সংযুক্ত করে ইআরপি সিস্টেমে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। | (গ) প্রতিটি বিলের নথি হার্ড কপিতে অনুমোদন পরবর্তীতে অনুমোদিত নোটাংশ যথাযথভাবে সংযুক্ত করে ইআরপি সিস্টেমে দাখিল করতে হবে। | -সকল ডিভিশন প্রধান<br>-সকল ডিপার্টমেন্ট/প্রকল্প প্রধান |
| ১.১১। | **স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**<br>সভাপতি কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সম্প্রতি গঠিত কমিটির কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) বলেন, ইতোমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী বোর্ড সভায় এ সংক্রান্ত কার্যপত্র উপস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে গঠিত কমিটিকে নিয়মিত প্রতিবেদন দাখিলসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বসহকারে মনিটরিং এর জন্য নির্দেশনা প্রদান করেন। | কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে গঠিত কমিটিকে নিয়মিত প্রতিবেদন দাখিলসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বসহকারে মনিটরিং করতে হবে। | -মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট)<br>-মহাব্যবস্থাপক (কম্প্রেসর)<br>-মহাব্যবস্থাপক (এইচ আর)<br>-উপ-মহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট) |
| ১.১২। | **বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নিরীক্ষা সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।**<br>বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর /পরিদপ্তর/কর্পোরেশন/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা হ্রাসকল্পে উক্ত বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৪-০৯-২০২২ তারিখে বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি অডিট) সভাকে জানান যে, সকল সিদ্ধান্ত যথাযথভাবে কোম্পানিতে বাস্তবায়ন করা হচ্ছে। ব্যক্তি/ডিপার্টমেন্ট সংক্রান্ত আপত্তিগুলোর জবাব প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি/ ডিপার্টমেন্ট-কে এ সম্পর্কে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বর্তমানে নিষ্পত্তিযোগ্য আপত্তিসমূহ নিয়ে দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় অডিট সভার কার্যপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।<br><br>উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি অডিট) বলেন, তিতাস-এবি প্রকল্পে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বর্তমানে পদায়িত না থাকায় উক্ত প্রকল্পের আপত্তিসমূহের জবাব প্রস্তুতে জটিলতা/সমস্যার সম্মুখীন হতে হয়। সভাপতি জনাব মোঃ সাইফুল আলম, উপ-মহাব্যবস্থাপক (মেকানিক্যাল মেইনটেন্স)-কে তিতাস-এবি প্রকল্প সেল এবং জনাব মোঃ মোছাদ্দেক হোসেন, ব্যবস্থাপক (সঞ্চালন) ও ইনচার্জ, বগুড়া টিবিএসকে হাটিকুমরুল-ভেড়ামারা প্রকল্প সেল-এর দায়িত্ব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির বিষয়ে গত ০৪-০৯-২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ও ২২-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান রাখতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকল ডিভিশন/ডিপার্টমেন্টকে সর্বোচ্চ সচেষ্ট থাকতে হবে।<br><br>(খ) ব্যক্তি/ডিপার্টমেন্ট সংক্রান্ত আপত্তিগুলোর জবাব প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি/ডিপার্টমেন্ট-কে এ সম্পর্কে অবহিত করতে হবে।<br><br>(গ) বর্তমানে নিষ্পত্তিযোগ্য আপত্তিসমূহ নিয়ে দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় অডিট সভার কার্যপত্র প্রেরণ করতে হবে।<br><br>(ঘ) জনাব মোঃ সাইফুল আলম, উপ-মহাব্যবস্থাপক (মেকানিক্যাল মেইনটেন্স)-কে তিতাস-এবি প্রকল্প সেল এবং জনাব মোঃ মোছাদ্দেক হোসেন, ব্যবস্থাপক (সঞ্চালন) ও ইনচার্জ, বগুড়া টিবিএসকে -কে হাটিকুমরুল-ভেড়ামারা প্রকল্প সেল-এর দায়িত্ব প্রদান করতে হবে। | -উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি অডিট)<br>-উপ-মহাব্যবস্থাপক (প্রকল্প অডিট)<br><br>-মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১৩। | **জিটিসিএল এর গ্যাস মিটারিং সিস্টেম হালনাগাদকরণ প্রসঙ্গে।**<br>সভাপতি এ বিষয়ে বলেন যে, জিটিসিএল হতে সঠিকভাবে গ্যাস পরিমাপ করে বিতরণ কোম্পানিতে সরবরাহের জন্য বারংবার পেট্রোবাংলা হতে তাগাদা দেওয়া হচ্ছে এবং এ লক্ষ্যে জিটিসিএল মিটারিং সিস্টেম হালনাগাদ করার জন্য কাজ করে যাচ্ছে।<br>তিনি আরও বলেন, ট্রান্সমিশন-ইস্ট ও ট্রান্সমিশন-ওয়েস্ট এর আওতায় যতগুলো স্থাপনা/পাইপলাইন রয়েছে সেগুলো থেকে যেন অপরিমাপকৃত গ্যাস সরবরাহ করা না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। পেট্রোবাংলায় এ সংক্রান্ত আগামী সভার পূর্বেই স্থাপনাসমূহের আওতায় বিদ্যমান পয়েন্টগুলোর তালিকা সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | (ক) ট্রান্সমিশন-ইস্ট ও ট্রান্সমিশন-ওয়েস্ট এর আওতায় যতগুলো স্থাপনা/পাইপলাইন রয়েছে সেগুলো থেকে যেন অপরিমাপকৃত গ্যাস সরবরাহ করা না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) পেট্রোবাংলায় এ সংক্রান্ত আগামী সভার পূর্বেই স্থাপনাসমূহের আওতায় বিদ্যমান অফ ট্রান্সমিশন পয়েন্টগুলোর তালিকা সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে অপারেশন ডিভিশনে প্রেরণ করতে হবে। | - মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট) |
| ১.১৪। | **জিটিসিএল এর সঞ্চালন পাইপলাইন ও স্টেশনসমূহের ভাল্ব Greasing প্রসঙ্গে।**<br>সভাপতি কোম্পানির ট্রান্সমিশন-ইস্ট ও ট্রান্সমিশন-ওয়েস্ট ডিভিশনের আওতাধীন সঞ্চালন পাইপলাইন ও স্টেশনসমূহের ভাল্ব রক্ষণাবেক্ষণ ও Smooth Operation এর জন্য নিয়মিত Greasing এর বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) বলেন, ভাল্বসমূহে নিয়মিত Greasing করা হয় না। তবে, প্রয়োজনীয়তা দেখা দিলে তখন Greasing করা হয়।<br><br>বিস্তারিত আলোচনান্তে, জিটিসিএল এর সঞ্চালন পাইপলাইন ও স্টেশনসমূহের ভাল্ব Smooth Operation এর জন্য ৬ মাস অন্তর Greasing করার জন্য সংশ্লিষ্ট ডিভিশন প্রধানগণকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সঞ্চালন পাইপলাইন ও স্টেশনসমূহের ভাল্ব ৬ মাস অন্তর Greasing করতে হবে। | - মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট) |
| ১.১৫। | **প্রকল্পের জন্য LC খোলা সম্পর্কিত।**<br>সভাপতি সম্প্রতি প্রকল্পের জন্য LC খোলার প্রক্রিয়াতে বিলম্বের কারণ জানতে চাইলে অফ-ট্রান্সমিশন প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, ব্যাংক হতে একাধিক প্রকল্পের LC একসাথে না খুলতে দেওয়া, বৈশ্বিক মুদ্রা পরিস্থিতি সঙ্কট, Invoice Breakdown, Payment Schedule সরবরাহ করা ইত্যাদি বিভিন্ন শর্তারোপ করার ফলে মূলত বিলম্ব হচ্ছে। সভাপতি অনাকাঙ্ক্ষিত বিলম্বের দায় এড়াতে ব্যাংক হতে LC খুলতে অপারগতা সংক্রান্ত পত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পরামর্শ প্রদান করেন।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি LC খোলাসহ প্রকল্পের অন্যান্য সমস্যাগুলো দ্রুত যথাযথ কর্তৃপক্ষকে জানানোর জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদেরকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি LC খোলা সংক্রান্ত সমস্যাগুলো দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণের জন্য প্রজেক্ট একাউন্টস ডিপার্টমেন্ট-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) LC খোলাসহ প্রকল্পের অন্যান্য সমস্যাগুলো দ্রুত কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br><br>(খ) LC খোলা সংক্রান্ত সমস্যাগুলো দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | - মহাব্যবস্থাপক (হিসাব)<br>-সকল প্রকল্প পরিচালক<br><br>-উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট একাউন্টস) |

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১৬। | **কোম্পানিতে গঠিত কমিটিসমূহের প্রতিবেদনের কপি আবশ্যিকভাবে প্রশাসন ডিভিশনে দাখিল প্রসঙ্গে।**<br>সভাপতি বিভিন্ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে গঠিত কমিটি যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করেছে কি-না তা মনিটরিং করার জন্য সভায় গুরুত্বারোপ করেন। কমিটি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত প্রতিবেদনের একটি কপি প্রশাসন ডিভিশনে প্রেরণ করলে এই মনিটরিং প্রক্রিয়া সহজতর হবে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি এখন হতে বিভিন্ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে গঠিত কমিটিকে কার্যসমাপনান্তে প্রতিবেদনের একটি কপি প্রশাসন ডিভিশনে আবশ্যিকভাবে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | বিভিন্ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে গঠিত কমিটি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত প্রতিবেদনের একটি কপি প্রশাসন ডিভিশনে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | -সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ প্রকল্প প্রধান |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১১/২০২২

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি:
১। কোম্পানি সচিব, পেট্রোবাংলা
২। সকল ডিভিশন প্রধান, জিটিসিএল--------------------------
৩। সকল প্রকল্প/ডিপার্টমেন্ট/স্থাপনা প্রধান, জিটিসিএল.............................................।
৪। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
৫। অফিস কপি।